



বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের  
অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের  
আওতাধীন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ  
অধিদপ্তরের সহকারী পরিচালক (ভূপদার্থ) (৯ম  
গ্রেড) পদে লিখিত পরীক্ষা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

### বিজ্ঞপ্তি

স্মারকনম্বর-৮০.০০.০০০০.১০৫.০১১.০০৬.১৯/১২৫

তারিখ : ১৪ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ  
অধিদপ্তরের সহকারী পরিচালক (ভূপদার্থ) (৯ম গ্রেড) পদে লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন বিন্যাস এবং নির্দেশাবলী।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ  
অধিদপ্তরের সহকারী পরিচালক (ভূপদার্থ) (৯ম গ্রেড) এর ০৮ টি স্থায়ী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে অনলাইনে আবেদনকারী ৪৭৪  
জন প্রার্থীর ২০০ নম্বরের ৪ ঘণ্টাব্যাপি লিখিত পরীক্ষার তারিখ, সময়সূচি, আসন বিন্যাস নিম্নরূপ:

পদের নাম, বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ ও ক্রমিক নম্বর	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা
সহকারী পরিচালক (ভূপদার্থ) (৯ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ: ০৪/০৬/২০২০ ক্রমিক নম্বর-২৯	১৯.০৫.২০২২ খ্রি: দুপুর ১২:০০-বিকাল ৪:০০ টা	শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭	০০০০০১- ৮০০০৯৬	৪৭৪ জন

### লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

১. পরীক্ষার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক মাস্ক পরিহিত অবস্থায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।
২. অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীকে কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
৩. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবেনা। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
৪. প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রের OMR অংশে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
৫. হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. ভূয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, সাইন্টিফিক ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. পরীক্ষার সময় প্রার্থীরা মুখ ও কানের উপর মাস্ক ব্যতীত কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষা হলে প্রার্থীগণ গণনা-অলঙ্কার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষা হলে ব্যাংক কার্ড / ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড এবং এর সদৃশ কোনো কিছু বহন করা যাবে না।

৮. পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।
৯. পরীক্ষার্থীদেরকে বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ ও প্রাসঙ্গিক টেকনিক্যাল /প্রফেশনাল বিষয়-৮০ নম্বর সহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টাব্যাপি সময়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১০. পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে একইসাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল /প্রফেশনাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
১১. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১২. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)- এ পাওয়া যাবে।

২৯.৮.২০২১

[আবদুল্লাহ আল মামুন]  
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]